

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে অস্ত্র ঠেকিয়ে ছাত্রী নির্যাতন!

অভিযুক্ত ছাত্রনীর্ণ কর্মীর শান্তি দাবি

কুমিল্লা বিশ্ববিদ্যালয় সংবাদদাতা
কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে পরীক্ষার হলে
গত শনিবার সবার সামনে অস্ত্র
ঠেকিয়ে এক ছাত্রীকে নির্যাতনের
ঘটনায় অভিযুক্ত ছাত্রনীর্ণ কর্মী নুরুল
আমিন সবুজের দৃষ্টান্তমূলক শান্তি দাবি
করেছেন সাধারণ শিক্ষার্থী ও
অভিভাবকরা। ২০১১ সালের
ডিসেম্বরে একই ছাত্রীকে স্ট্রীমডাহানির
চেপ্টার অভিযোগে আজীবন বহিষ্কার
হন সবুজ। বিশ্ববিদ্যালয় থেকে
বহিষ্কার হওয়া ছাত্র কি করে আবাসিক
হলে থাকে এ নিয়ে বিশ্ববিদ্যালয়
প্রশাসনেরও সমালোচনা করেন
শিক্ষার্থী-অভিভাবকরা।

শিক্ষার্থীরা জানান, গত শনিবার
সবুজ পরীক্ষার হলে ঢুকে সবার সামনে
অস্ত্র ঠেকিয়ে ওই ছাত্রীকে মারধোর
করে। তার আঘাতে ছাত্রীর মুখবন্ডল
জখম হয়। এক পর্যায়ে সবুজ পালিয়ে
গেলে পরীক্ষা স্থগিত করে আহত
ছাত্রীকে কুমিল্লা মেডিক্যাল কলেজ
হাসপাতালে ভর্তি করা হয়।

এ বিষয়ে কুমিল্লা সদর দফতর
থানার পরিদর্শক জাহিদ জানান, এখন
পর্যন্ত ছাত্রীর পক্ষে কেউ মামলা বা
অভিযোগ করতে থানায় আসেননি।
তবে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর মোহাম্মদ
আইনুল হক বলেন, 'বিশ্ববিদ্যালয়
প্রশাসন সবুজের বিরুদ্ধে থানায়
অভিযোগ করেছে। পুলিশ প্রশাসন
সবুজের বিরুদ্ধে ব্যবস্থা নিবে।'